



## কোস্ট জরুরি অবস্থার ক্রয়নীতিমালা (COAST Procurement Policy of Emergency Response)

### জরুরি অবস্থার সংজ্ঞা:

কোথাও কোন প্রাকৃতিক বা মানুষ সৃষ্ট দুর্ভোগের কারণে যদি জনগনের জীবন মানের উপর সাংঘাতিক ভাবে নেতিবাচক প্রভাব পড়ে তাহলে তাকে জরুরি অবস্থা বলা হবে। সরকার যদি কোন এলাকাকে জরুরি অবস্থা ঘোষণা করে, তাহলে সে এলাকাও এ সংজ্ঞার আওতায় আসবে।

### উদ্দেশ্য:

- দুর্যোগ কবলিত এলাকায় ক্ষতিগ্রস্ত পরিবারের জন্য জরুরি ভাবে খাদ্য, ঔষধ ও প্রয়োজনীয় সকল মালামাল ক্রয় করা।
- ক্ষতিগ্রস্ত পরিবারের কাছে অল্প সময়ের মধ্যে ট্রানসামগ্রী সরবরাহ করা।
- দাতা সংস্থার সময়কাল অনুসারে ট্রানসামগ্রী ক্রয় করে ক্ষতিগ্রস্ত পরিবারকে প্রদান করা।


### নীতিমালা:

- নিম্নোক্ত পদবীধারিগন ক্রয় চাহিদাপত্র, কার্যাদেশ প্রদান এবং বিল অনুমোদন করবেন:

পদবী	অনুমোদন সীমা	যাচাইকারী
আরপিএস/আরটিএল	৫ লক্ষ টাকা পর্যন্ত	হিসাব বিভাগ/ অভ্যন্তরিন অডিটর
সহকারী পরিচালক- EFDCP	১০ লক্ষ টাকা পর্যন্ত	হিসাব বিভাগ/ অভ্যন্তরিন অডিটর
পরিচালক	৩০ লক্ষ টাকা পর্যন্ত	হিসাব বিভাগ/ অভ্যন্তরিন অডিটর
নির্বাহী পরিচালক	৩০ লক্ষ টাকার উপরে	হিসাব বিভাগ/ অভ্যন্তরিন অডিটর

- ক্রয় চাহিদাপত্র ৫০,০০০ টাকা উপরে হলে, অনুমোদনকারী তিন সদস্য বিশিষ্ট ক্রয় কমিটি গঠন করে দিবেন। তবে ৫০,০০০ টাকা পর্যন্ত ক্রয় প্রক্রিয়া দুই জন কর্মীকে জড়িত থাকতে হবে।
- ৫০,০০০ টাকার উপরে থেকে ৫ লক্ষ টাকা পর্যন্ত ক্রয় কমিটি কম পক্ষে তিনটি স্পট কোটেশন সংগ্রহ করবেন। কোটেশন অনুসারে একটি নোট সিট/তুলনামূলক বিশ্লেষণ তৈরি করে যথাযথ কর্তৃপক্ষের কাছ থেকে অনুমোদন ও Vender/Supplier কে কার্যাদেশ প্রদানের মাধ্যমে মালামাল ক্রয় করতে পারবেন। তবে ক্রয় প্রক্রিয়া কমিটির তিন জনের মাধ্যমে হতে হবে।
- সর্বনিম্ন দরদাতার কাছ থেকে পন্য ক্রয় করতে হবে। সর্ব নিম্ন দরদাতার পন্য গুণগত মান সম্পন্ন না হলে বা পন্য সরবরাহ করতে না পারলে ২য় নিম্ন দরদাতার কাছ থেকে পন্য ক্রয় কার যাবে।
- ৫ লক্ষ টাকার উপরে দরপত্র আহবান করতে হবে। দরপত্র আহবানের পূর্বে কমিটির সদস্যগন প্রথমে একটি মিটিং করে কার্য বিবরন তৈরী করবেন। কমিটি বিভিন্ন Vender/Supplier পর্যায়ে দরপত্র আহবান করবেন। পরবর্তিতে কমিটি দরপত্রের তুলনামূলক বিশ্লেষণ প্রতিবেদন তৈরি করবেন এবং কার্যাদেশ দেওয়ার জন্য কর্তৃপক্ষের কাছ থেকে লিখিত অনুমোদন নিবেন। যাদের দরপত্র দেওয়া হবে তাদের প্রত্যেকের পৃথক পৃথক দোকান/প্রতিষ্ঠান থাকতে হবে।
- ৫০,০০০ টাকা পর্যন্ত বিল নগদ প্রদান করা যাবে। ৫০,০০০ টাকার উপরে সকল বিল A/C Payee Cheque এর মাধ্যমে প্রতিষ্ঠান বা সংশ্লিষ্ট মালিকের নামে ইস্যু করতে হবে।
- ৩০ লক্ষ টাকার উপরে হলে পেপার বিজ্ঞপ্তির মাধ্যমে দরপত্র আহবান করতে হবে।
- নগদ ক্রয়ের ক্ষেত্রে ৫০,০০০ টাকা পর্যন্ত নগদ ক্রয় করা যাবে। বিশেষ ক্ষেত্রে পরিচালক/নির্বাহী পরিচালকের লিখিত অনুমোদনে যেকোন পরিমানের ও মূল্যের পন্য বা সেবা নগদে ক্রয় করা যাবে। এক্ষেত্রে কমিটির সদস্যগনকে ০৩টি স্পট কোটেশন সংগ্রহ করতে হবে। কোটেশন অনুসারে তুলনামূলক বিশ্লেষণ প্রতিবেদন তৈরি করে যথাযথ কর্তৃপক্ষের কাছ থেকে নগদে ক্রয় করার লিখিত অনুমোদন নিবেন। তবে এক্ষেত্রে কার্যাদেশ দেওয়ার প্রয়োজন নাই। ৫০,০০০টাকা উপরে নগদ ক্রয়ের ক্ষেত্রে কমিটির ৩জন এবং একজন হিসাব রক্ষক বা অভ্যন্তরিন নিরীক্ষককে উপস্থিত থাকতে হবে। এই ক্ষেত্রে ক্রয় প্রক্রিয়াটি একদিনে করা যেতে পারে, যেমন: বাজেট অনুমোদন, কোটেশন সংগ্রহ, তুলনা মূলক বিশ্লেষণ, পন্য গ্রহন এবং বিল প্রদান ইত্যাদি।
- ৫০,০০০ টাকা পর্যন্ত বিল নগদে প্রদান করা যাবে এবং এর উপরে সকল বিল A/C Payee Cheque এর মাধ্যমে ব্যবসা প্রতিষ্ঠানের নামে প্রদান করতে হবে। বিশেষ কোন কারণে ব্যবসা প্রতিষ্ঠান না থাকলে অনুমোদিত আবেদনের মাধ্যমে সংশ্লিষ্ট মালিকের নামে Open Cheque প্রদান করা যাবে।
- পন্য বা মালামাল ক্রয় করার পর সংশ্লিষ্ট অফিসের স্টক রেজিস্টারের এন্ট্রি দিতে হবে এবং পরবর্তিতে বিতরনের সময় অনুমোদিত Demand Note এর মাধ্যমে তা Out করতে হবে এবং স্টক রেজিস্টারে এন্ট্রি দিতে হবে।
- সকল প্রকার প্রক্রিয়া শুরু থেকে শেষ পর্যন্ত Email Correspondence এর মাধ্যমেও হতে পারে এবং তা গ্রহনযোগ্য হবে।
- উল্লিখিত নীতিমালাটি গত ১৭.১১.২০১৭ইং তারিখের ৯৫তম BoT (Board of Trustee) মিটিং-এ আলোচনা হয় এবং পরবর্তিতে ২৯.১২.২০১৭ইং তারিখের ৯৬তম BoT মিটিং-এ চূড়ান্ত অনুমোদন দেয়া হয় যা গত ১০সেপ্টেম্বর, ২০১৭ইং থেকে কার্যকরী হবে।
- যেহেতু সহকারী পরিচালক-SA&DRR সংস্থা ত্যাগ করেছেন এবং তার সকল দায়িত্ব সহকারী পরিচালক-ইএফডিএসপি (মো: মুজিবুল হক মুনীর) কে দেয়া হয়েছে তাই তার জন্য অনুমোদনের ক্ষেত্রে এ ক্ষমতা প্রযোজ্য হবে। এটি পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখ থেকে কার্যকরী হবে।

  
Rezaul Karim Chowdhury  
Executive Director  
COAST Trust

  
24.02.2019  
Begum Shamsun Nahar  
Chairperson-Board of Trustee  
COAST Trust